DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Nov 2026, 03:52 PM

জাতীয়

তারেক রহমানের সঙ্গে তিন জেলা বিএনপির সাংগঠনিক বৈঠক

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



বিএনপির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান দিনাজপুর, পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলার দলীয় নেতাদের সঙ্গে সাংগঠনিক বৈঠক করেছেন। গতকাল শনিবার (১৮ জুলাই) সন্ধ্যায় রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের রাজনৈতিক কার্যালয়ে এ বৈঠক হয়। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানান, সন্ধ্যা সাড়ে ৭টায় শুরু হওয়া বৈঠক রাত ৯টা ২০ মিনিটে শেষ হয়।

বৈঠকে উপস্থিত ছিলেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী, সমাজকল্যাণ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী প্রফেসর ডা. এ জেড এম জাহিদ হোসেন, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত, পানিসম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ এবং প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-২ আব্দুর রহমান সানি, রংপুর বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক অধ্যাপক আমিনুল ইসলাম। এছাড়া দিনাজপুর জেলা ও উপজেলার বিএনপির সভাপতি এবং সাধারণ সম্পাদকরা বৈঠকে অংশ নেন। বৈঠকে দলকে তৃণমূল পর্যায়ে আরো সুসংগঠিত ও শক্তিশালী করার বিষয়ে আলোচনা হয়। রংপুর বিভাগের উপজেলা পর্যায়ের বিএনপির সভাপতি ও সাধারণ সম্পাদকদের নিয়ে সাংগঠনিক আলোচনা অনুষ্ঠিত হয়।

রংপুর বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক প্রফেসর আমিনুল ইসলাম বলেন, স্থানীয় সরকার নির্বাচন নিয়ে চেয়ারম্যানের সঙ্গে তাদের বৈঠক হয়েছে। স্থানীয় সরকার নির্বাচনে তৃণমূল থেকেই প্রার্থী নির্বাচন করা হবে। এছাড়া সবাইকে ঐক্যবদ্ধ থাকার নির্দেশনা দেওয়া হয়েছে।

এ বিভাগের আরও খবর



রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে এলো ইউরেনিয়ামের ষষ্ঠ চালান

পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের দ্বিতীয় ইউনিটের জন্য রাশিয়া থেকে আমদানি করা ইউরেনিয়ামের আরও একটি চালান প্রকল্প এলাকায় পৌঁছেছে। এ নি...




সচেতনতা ও প্রতিরোধমূলক ব্যবস্থায় ডায়াবেটিসের ঝুঁকি কমানো সম্ভব: প্রধানমন্ত্রী

ডায়াবেটিস সম্পর্কে জনসচেতনতা বাড়ানো এবং প্রতিরোধমূলক পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এ রোগের ঝুঁকি ও জটিলতা অনেকটাই কমিয়ে আনা সম্ভব বলে মন্তব্য করেছ...



দেশের স্বাস্থ্যসেবায় বড় পরিবর্তন দরকার: রাষ্ট্রপতি

দেশের চিকিৎসাব্যবস্থায় বড় ধরনের সংস্কার প্রয়োজন বলে মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, স্বাস্থ্য খাতকে নতুন ক...



জ্বালানি তেল বিক্রিতে বিপিসির লোকসান ২৭ হাজার ৬৬৯ কোটি টাকা

আন্তর্জাতিক বাজারের তুলনায় কম দামে দেশের বাজারে জ্বালানি তেল বিক্রি করায় চলতি বছরের মার্চ থেকে ২৫ অক্টোবর পর্যন্ত বাংলাদেশ পেট্রোলিয়াম করপোর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/tarek-rhmaner-sngge-tin-jela-bienpir-sanggthnik-boithk